দৈনিক
ইত্তেফাক

তারিখ .. 09 OCT 2016 ...
পৃষ্ঠা ... ২৫ ... কলাম ... ২ ......

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স অব ডেভেলপমেন্ট স্টাডিজ কোর্স চালু

ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স অব ডেভেলপমেন্ট স্টাডিজ কোর্স চালু হয়েছে। পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় ও কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি এবার জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উন্নয়ন অধ্যয়ন বিষয়ে পড়াশোনার সুযোগ সৃষ্টি হলো।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের অধীন মাস্টার্স অব ডেভলপমেন্ট স্টাডিজ (এমডিএস) কোর্স ২০১৭-শীতকালীন সেশনের ভর্তি আবেদন শুরু হয়েছে। আগামী ০৭ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত ১ম ব্যাচে ভর্তির আবেদন করা যাবে।

কোর্সের প্রোগ্রাম ডিরেক্টর রেহনুমা ফেরদৌস জানান, ২০১৭-শীতকালীন সেশনে মাস্টার্স প্রোগ্রামের ভর্তির আবেদন ৭ অক্টোবর থেকে শুরু হয়ে আগামী ৭ নভেম্বর পর্যন্ত চলবে।

ভর্তি ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jkkniu.edu.bd থেকে সংগ্রহ করা যাবে।

বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক এস.এম হাফিজুর রহমান (তথ্য ও গণসংযোগ) জানান; আগামী ১০ ডিসেম্বর আবেদনকারীদের ভর্তি পরীক্ষা সামাজিক বিজ্ঞান অনুষদের বিল্ডিংয়ে অনুষ্ঠিত হবে।